



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail: chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং- মশিবো/ময়মন/কলেজ/১৩/০১/১৮/১০৭৭

তারিখঃ ৩/১১/২০২২

বিষয়ঃ জনাব মোঃ সারুয়ার আলমকে উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদ হতে অব্যাহতি প্রদান প্রসংগে।

সূত্রঃ ১. মাননীয় সংসদ সদস্য-১৫৬, ময়মনসিংহ-১১ জনাব কাজিম উদ্দিন আহম্মেদ এম পি এর ডি ও পত্র।

সূত্রঃ ২. জনাব মোঃ সারুয়ার আলমের ৭/০৮/২০২২ ইং তারিখের আবেদন পত্র।

সূত্রঃ ৩. উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর সভাপতির ৭/০৮/২০২২ ইং তারিখের জবাব।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজের জনাব মোঃ সারুয়ার আলম, সহকারি অধ্যাপক অর্থিনীতি, তাঁকে কলেজের (ভারপ্রাপ্ত) অধ্যক্ষ এর পদ হতে বিধি বর্হিভূতভাবে গভর্নিং বডি'র সভাপতি কর্তৃক অব্যাহতি দেওয়ায় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অত্র বোর্ড চেয়ারম্যান বরাবর লিখিত আবেদন করেছেন। উল্লেখিত আবেদনের প্রেক্ষিতে বোর্ড স্মারক নং- মশিবো/ময়মন/কলেজ/১৩/০১/১৮/১০৩৫ তারিখঃ ৪/৯/২০২২ ইং পত্রমূলে সভাপতি গভর্নিং বডি, উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ ভালুকা, ময়মনসিংহ কে গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধিমালা-২০০৯ এর আলোকে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র বোর্ডকে ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য পত্র ইস্যু করেন। ঐ পত্রের আলোকে সভাপতি গভর্নিং বডি জনাব সারুয়ার আলম কে অব্যাহতি প্রদানের স্বপক্ষে বিবিধ যুক্তি উল্লেখ করে লিখিতভাবে বোর্ড কে গত ১৮/৯/২০২২ ইং পত্র প্রেরণ করেন। এমতাবস্থায়, উক্ত বিষয়টি সুষ্ঠু, নিরপেক্ষ ও যথাযথ তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামত নিম্ন স্বাক্ষরকারীরকে ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক:

উপজেলা নির্বাহী কর্মকর্তা

ভালুকা, ময়মনসিংহ

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


(প্রফেসর শেখ মোঃ হাবিবুর রহমান)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

সংযুক্তঃ

১. মাননীয় সংসদ সদস্য-১৫৬, ময়মনসিংহ-১১ জনাব কাজিম উদ্দিন আহম্মেদ এম পি এর ডি ও পত্র

২. জনাব মোঃ সারুয়ার আলমের ৭/০৮/২০২২ ইং তারিখের আবেদন পত্র।

৩. উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর সভাপতির ৭/০৮/২০২২ ইং তারিখের জবাব।